



নম্বর ০৫.০০.০০০০.২০২.২৫.০০৪.২২.৪৭২

তারিখ: ১২ পৌষ ১৪২৯
২৭ ডিসেম্বর ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: **JDS** বৃত্তির অধীন জাপানে অনুষ্ঠেয় পিএইচডি কোর্সে অংশগ্রহণের জন্য আবেদনের মেয়াদ বৃদ্ধি

Japan Human Resource Development Scholarship (JDS) বৃত্তির অধীনে জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স কোর্সের ৬ষ্ঠ ব্যাচে অংশগ্রহণের জন্য ২৬.১২.২০২২ তারিখের মধ্যে নিম্নোক্ত ঠিকানায় সরাসরি আবেদন প্রেরণের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এক্ষণে JDS কর্তৃপক্ষ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে জাপানে পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নের লক্ষ্যে আবেদনের সময়সীমা আগামী ১২.০১.২০২৩ তারিখ পর্যন্ত বৃদ্ধি করেছে। উক্ত পিএইচডি প্রোগ্রামে অংশগ্রহণে আগ্রহী ও যোগ্য কর্মকর্তাগণ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে উল্লিখিত মেয়াদে নিম্নোক্ত ঠিকানায় সরাসরি আবেদন পৌঁছাতে পারবেন:

Japan International Cooperation Center (JICE)
JDS Project Office in Bangladesh
L-261, The Pan Pacific Sonargaon
107, Kazi Nazrul Islam Avenue
Dhaka-1215, Bangladesh.


শর্তাবলী:

১. সংযুক্ত ও অনলাইনে প্রাপ্ত নির্দেশিকা যথাযথভাবে অনুসরণপূর্বক আবেদন করতে হবে।
২. যে সকল কর্মকর্তার বয়স ০১/০৪/২০২৩ তারিখে ৪৫ বছরের কম তারা আবেদন করতে পারবেন।
৩. যারা JDS প্রোগ্রামের আওতায় ইতোপূর্বে মাস্টার্স কোর্স সম্পন্ন করেছেন এবং মাস্টার্স কোর্স সম্পন্ন করার পরে কমপক্ষে দুই বছর চাকরিরত ছিলেন, তাঁরাই উক্ত প্রোগ্রামে আবেদন করতে পারবেন;
২. আগ্রহী যোগ্য কর্মকর্তাগণকে ২ সেট আবেদন JICE JDS Project Office-এ প্রেরণ করতে হবে। ২ সেট আবেদনের ১ সেট সরাসরি এবং ১ সেট আবেদন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান/বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত কর্মকর্তাগণ জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত রেখে আবেদন অগ্রায়ন করবেন;
৩. কোর্স সংশ্লিষ্ট যাবতীয় তথ্য, আবেদন ফরম ও ফরম পূরণের নির্দেশিকা ইত্যাদির জন্য আগ্রহী প্রার্থীগণকে **jds.bangladesh1@jice.org** অথবা **jds.bangladesh@jice.org** ঠিকানায় ই-মেইল করে অথবা 02-5502-8008, 02-9128008 (ext. 4261/4973) এবং ০১৭১১৫৬৫১৩৮, ০১৭১৪৩৯০১৭৫ নম্বরে ফোন করে প্রয়োজনীয় ডকুমেন্টস সংগ্রহ করতে হবে;
৪. কোর্সে আবেদন ও অনুমতি প্রদানের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/৮/৯২ খ্রি.তারিখের স্মারক

নং-৮০/৯২-৫১৮(৫০০) নং স্মারকের বেসামরিক সরকারি কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চশিক্ষা সম্পর্কিত নীতি ও পদ্ধতি এবং ১২ মে ২০০৩ তারিখে প্রকাশিত জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালার গেজেট ও অন্যান্য সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণ করা হবে;

৫. বৃত্তি প্রাপ্তির বিষয়ে বৃত্তি প্রদানকারী সংস্থার প্রযোজ্য শর্তাবলী এবং প্রচলিত সরকারি বিধি-বিধানের আলোকে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

সংযুক্তি : পিএইচডি কোর্সের আবেদন নির্দেশিকা



২৮-১২-২০২২

মৌসুমী সরকার রাখী

উপসচিব

ফোন: ৯৫৭৪৪২৬

ইমেইল: ft@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ৪) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৫) জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা প্রধানগণ
- ৬) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৭) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম
- ৮) জেলা প্রশাসক (সকল)
- ৯) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১১) Country Director, JICE JDS Project Office in Bangladesh, The Pan Pacific Sonargaon, L-261, 107 Kazi Nazrul Islam Avenue, Dhaka-1215, Bangladesh
- ১২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয়